

নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০২.২০২২- ৩৫

তারিখঃ ১২ মাঘ ১৪২৮  
২৬ জানুয়ারি ২০২২

‘অফিস আদেশ’


বিষয়ঃ কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের ব্যাচ নাম্বার প্রদান ও জ্যেষ্ঠতা নির্ধারণ

উপরোক্ত বিষয়ে কারা অধিদপ্তর কর্তৃক গঠিত কমিটির ১৬/০১/২০২২ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের ব্যাচ নাম্বার প্রদান এবং জ্যেষ্ঠতা নির্ধারণের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো।

(ক) কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের নিয়োগপ্রাপ্তির পরপরই তাদের মেধাক্রম অনুসারে ব্যাচ নাম্বার প্রদান করতে হবে।

(খ) তাদের জ্যেষ্ঠতা নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ অনুসারে নির্ধারিত হবে। তাদের প্রশিক্ষণের ফলাফল জ্যেষ্ঠতার ক্ষেত্রে কোন প্রভাব ফেলবে না। নিয়োগের মেধাক্রমের সাথে প্রশিক্ষণের মেধাক্রমের কোন সম্পর্ক থাকবে না।

(গ) বর্তমানে চলমান ৫৯তম প্রশিক্ষণে অংশগ্রহণকারী কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের প্রশিক্ষণ শেষে তাদের ব্যাচ নাম্বার প্রদানের ক্ষেত্রে সকল বিভাগের ক্ষেত্রেই তাদের ব্যাচ নাম্বারের ক্রমিকের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। তবে পুরাতনদের ক্ষেত্রে ব্যাচ নাম্বারের পরে নিয়োগের সাল সংযোজন করতে হবে, যা জ্যেষ্ঠতা নির্ণয়ের সুবিধার্থে নথি এবং স্ব স্ব চাকরি বহিতে উল্লেখ থাকবে, কিন্তু নাম্বার পেটে উল্লেখ থাকবে না। এক্ষেত্রে জ্যেষ্ঠতা নির্ণয়ে নিয়োগ পরীক্ষার মেধাক্রম অনুসরণ করতে হবে। মেধাক্রম না থাকলে বা পাওয়া না গেলে তাদের পারস্পরিক জ্যেষ্ঠতা বয়সের জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্ধারিত হবে এবং বয়স একই সমান হওয়ার ক্ষেত্রে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা অর্জনের শিক্ষাবর্ষের ভিত্তিতে নির্ধারিত হইবে।

  
মোঃ আবরার হোসেন  
কর্নেল  
অতিরিক্ত কারা মহাপরিদর্শক  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
ফোনঃ ৫৭৩০০২২২ (দপ্তর)।  
addl.ig@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক  
সকল বিভাগ  
সকল সদর দপ্তর।

অনুলিপি :

- ১। সহকারী কারা মহাপরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। অফিস আদেশটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা।
- ৩। শাখা প্রধান, প্রশিক্ষণ শাখা, কারা অধিদপ্তর ঢাকা।
- ৪। অফিস কপি।